১৩২

তারিখ 11 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

আজকের কাগজ

ডিগ্রি পরীক্ষার ফলাফল

# ২২১ ছাত্রের ভবিষ্যৎ কি অনিশ্চিত?

**কাগজ প্রতিবেদক ঃ** ১৯৯২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ডিগ্রী পরীক্ষায় এক বা একাধিক বিষয়ের নম্বর জমা না হওয়ায় ২২১ জন ছাত্র ছাত্রী ফলাফল পাচ্ছে না। তারা জানতে পারছে না তারা পাশ করেছে নাকি ফেল করেছে। ফলে তারা একটি শিক্ষাবর্ষ হারাতে বসেছে।

১৯৯২ সালের ডিগ্রি পরীক্ষা গত মার্চ মাসে শুরু হয়ে মে মাসে শেষ হয়। সাত মাস পর ফলাফল ঘোষণা করা হয় গত ১৫ নভেম্বর। কিন্তু হতভাগ্য ২২১ জন পরীক্ষার্থীদের ফলাফল ঘোষণা করা সম্ভব হয়নি। কারণ তাদের সব বিষয়ের নম্বর পরীক্ষকরা জমা দেননি।

ভুক্তভোগী পরীক্ষার্থীরা প্রতিদিন ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসে তাদের ফলাফল জানতে চান। কিন্তু কর্তৃপক্ষ বলেন, সব বিষয়ের নম্বর এখনও এসে পৌঁছেনি। কবে নাগাদ আসবে জানতে চাইলে তারা জানাতে অপারগতা প্রকাশ করেন। এদিকে মাস্টার্স ভর্তি হবার সময়ও নিকটবর্তী। এর ভেতর কেউ ফেল করলে তার ক্ষেত্রে পরবর্তী ডিগ্রি পরীক্ষায় অংশ নেয়াও সম্ভব হবে না। কারণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৩ সালের ডিগ্রি পরীক্ষা শুরু হচ্ছে চলতি মাসের ২৯ তারিখ থেকে।